

নির্দেশিত প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই-সিস্টেম এম আই এস বিএল-২, ঢাকা।			
ডায়েরী নং- ২২৬৬		তারিখঃ- ২২/৮/২২	
প্রদানকারীঃ-			
অ: স:	স: প্র:	উ: বি: প্র:	নি: প্র:
			✓

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০০১.২২.৯৩৩

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৯

১০ আগস্ট ২০২২

বিষয়: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'ঢাকাস্থ সেগুনবাগিচায় অবস্থিত স্থাপত্য ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ (বিদ্যমান ৭-তলা ভবনকে ১০-তলায় উন্নীতকরণ) এবং বিদ্যমান ভবনের আধুনিকায়নের কাজ' শীর্ষক অনুমোদিত প্রকল্পের (প্রকল্প কোড-২২৪৩৪৩৮০০) অনুকূলে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে ১ম কিস্তির অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে খরচ করার জন্য ১ম কিস্তি বাবদ মোট ২৫০.০০ লক্ষ (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা নিম্নবিভাজন মোতাবেক বরাদ্দ প্রদান করা হল :

কোড/ খাতের বিবরণ	অর্থ বরাদ্দ (লক্ষ টাকা)			গণপূর্ত বিভাগ	
	আবর্তক	মূলধন	মোট		
৪১১১২০১	অনাবাসিক ভবন	--	২৫০.০০	২৫০.০০	ঢাকা গণপূর্ত বিভাগ-৪, ঢাকা

উক্ত খরচ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-২, ঢাকা ও প্রকল্প পরিচালক এর স্মারক নং-/১৪০ তারিখ: ০২/০৮/২০২২খ্রিঃ এর মাধ্যমে মঞ্জুরিকৃত মোট ২৫০.০০ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-২৯, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, হিসাবের কোড নং-৫-১৩২০৫০১-২২৪৩৪৩৮০০-৪১১১২০১ খাতে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে :

শর্তসমূহ :

(ক) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA), 2006 এবং Public Procurement Rules (PPR), 2008 (সকল সংশোধনীসহ) অনুসরণপূর্বক অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ পরিপত্র নির্দেশনাসহ অন্যান্য বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করে ব্যয় করতে হবে।